

🗏 আন-নূর | An-Nur | ٱلنُّور

আয়াতঃ ২৪: ৪৫

💵 আরবি মূল আয়াত:

وَ اللّٰهُ خَلَقَ كُلَّ دَآبَّۃٍ مِّن مَّآءٍ فَمِنهُم مَّن يَّمشِى عَلَى بَطنِهِ وَ مِنهُم مَّن يَّمشِى عَلَى بَطنِهِ وَ مِنهُم مَّن يَّمشِى عَلَى اَربَعٍ اَ يَخلُقُ اللهُ مَا يَمشَى عَلَى اَربَعٍ اَ يَخلُقُ اللهُ مَا يَشاَءُ اللهُ عَلَى كُلِّ شَيءٍ قَدِيرٌ ﴿٢٥﴾

আর আল্লাহ প্রত্যেক জীবকে পানি থেকে সৃষ্টি করেছেন। অতঃপর তাদের কোনটি পেটে ভর দিয়ে চলে, কোনটি চলে দু'পায়ের উপর, আবার কোনটি চার পায়ের উপর চলে। আল্লাহ যা ইচ্ছা সৃষ্টি করেন। নিশ্চয় আল্লাহ সব কিছুর উপর সর্বশক্তিমান। — আল-বায়ান

আল্লাহ পানি হতে সমস্ত জীবন সৃষ্টি করেছেন। তাদের কতক পেটের ভরে চলে, কতক দু'পায়ের উপর চলে, আর কতক চার পায়ের উপর চলে। আল্লাহ যা চান তাই সৃষ্টি করেন। আল্লাহ সর্ববিষয়ের উপর সর্বোচ্চ ক্ষমতার অধিকারী। — তাইসিক্ল

আল্লাহ সমস্ত জীব সৃষ্টি করেছেন পানি হতে, ওদের কতক পেটে ভর দিয়ে চলে এবং কতক দু' পায়ে ভর করে চলে এবং কতক চলে চার পায়ে, আল্লাহ যা ইচ্ছা সৃষ্টি করেন, আল্লাহ সর্ব বিষয়ে সর্বশক্তিমান। — মুজিবুর রহমান

Allah has created every [living] creature from water. And of them are those that move on their bellies, and of them are those that walk on two legs, and of them are those that walk on four. Allah creates what He wills. Indeed, Allah is over all things competent. — Sahih International

৪৫. আর আল্লাহ সমস্ত জীব সৃষ্টি করেছেন পানি থেকে(১), অতঃপর তাদের কিছু সংখ্যক পেটে ভর দিয়ে চলে, কিছু সংখ্যক দু'পায়ে চলে এবং কিছু সংখ্যক চলে চার পায়ে। আল্লাহ যা ইচ্ছে সৃষ্টি করেন, নিশ্চয় আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাবান।

(১) সুতরাং যেগুলো জন্তু সেগুলো বীর্য থেকে সৃষ্টি হয়। যা পুরুষ জন্তু মাদী জন্তুর উপর ফেলে। আর যেগুলো যমীনে তৈরী হয়, সেগুলোও আদ্র যমীন ছাড়া তৈরী হয় না। যেমন, কীট-পতঙ্গ। সুতরাং কোন কিছুই পানি ব্যতীত সৃষ্টি হয় না। [সা'দী]



- (৪৫) আল্লাহ সমস্ত জীবকে পানি থেকে সৃষ্টি করেছেন; ওদের কিছু পেটে ভর দিয়ে চলে,[1] কিছু দু'পায়ে চলে[2] এবং কতক চলে চার পায়ে।[3] আল্লাহ যা ইচ্ছা সৃষ্টি করেন।[4] নিশ্চয় আল্লাহ সর্ববিষয়ে সর্বশক্তিমান ।
 - [1] যেসন সাপ, মাছ ও অন্যান্য পোকা মাকড় (সরীসৃপ)
 - [2] যেমন মানুষ ও পাখি।
 - [3] যেমন, সমস্ত চতুষ্পদ জন্তু ও অন্যান্য জীব-জন্তু।
 - [4] এখানে এই কথার সংকেত দেওয়া হয়েছে যে, কিছু জীব এমন আছে যারা চারের অধিক পা বিশিষ্ট। যেমন কাঁকড়া, মাকড়শা ও অন্যান্য পোকা-মাকড়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2836

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন